# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ৮ম সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৮টি বিভাগের ৫৮টি জেলায় ৫৩০ অফিস ও প্রায় ৫,৫৮০ জন জনবল দ্বারা ২৬টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় জানুয়ারি-মার্চ ২০২৫ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' সপ্তম সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**

ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**

ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার
সহকারী পরিচালক, কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**

কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




### গাক কর্তৃক উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর অর্থায়নে দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা নিশ্চিতকরণে ২০২০ সাল থেকে "উচ্চ শিক্ষা বৃত্তি" কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। এ কর্মসূচির আওতায় দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়সহ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয় এবং সরকারি মেডিকেল কলেজের অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের এ উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া'র মেধাবী শিক্ষার্থী ইসমত আরা জাহানকে উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান করেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এসময় উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, উপ-পরিচালক মোহাম্মদ আরমান হোসেন এবং সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা মোঃ হামিদুর রহমান।



### সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, বগুড়া জেলার চারটি উপজেলায় "বাংলাদেশে নাগরিক সমাজ ও নাগরিকদের বর্ধিত সম্পৃক্ততার মাধ্যমে একটি শান্তিপূর্ণ, ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক সমাজ অর্জন" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের জন্য সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছেন।

নাগরিকদের একত্রিতকরণ, সামাজিক নিরীক্ষা এবং জেলা ও উপজেলা প্রশাসনের সম্পৃক্ততায় তৃণমূল পর্যায়ে সরকারি সেবা কার্যক্রম নিশ্চিত করার লক্ষ্যে, সিপিডি'র অর্থায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) একটি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের সামগ্রিক লক্ষ্য হল প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়ন, স্থানীয় শাসনব্যবস্থা শক্তিশালীকরণ এবং এসডিজি ৫ ও ১৬ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের সেবা প্রাপ্তির কার্যক্রম ত্বরান্বিত করা।



## SWAPNO II প্রকল্পের আওতায় সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়া হালনাগাদকরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় “উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন” (SWAPNO II) প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে সমন্বিত সামষ্টিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধমে অর্থনেতিক উন্নয়নের সুযোগগুলো গ্রামীণ হত-দরিদ্র নারী ও অসহায় জনগোষ্ঠীর কাছে পৌঁছে দেয়া এবং তাদেরকে আকস্মিক বিপদাপন্নতা থেকে সুরক্ষা ও টেকসই জীবিকা নির্বাহে সহায়তা করা। প্রকল্পের আওতায় বাংলাদেশের ১২টি জেলার ৩২টি উপজেলা এবং ২৮৩টি ইউনিয়নে ৬৫৩৯ জন উপকারভোগীকে সম্পৃক্ত করে বিভিন্ন কর্মসূচীর পাশাপাশি ৬টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। স্বপ্ন প্রকল্পের নারী উপকারভোগীদের দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করার লক্ষ্যে ইউএনডিপি বাংলদেশ সরকারের কারিগরি, বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এর উপর বিশেষভাবে জোর দিচ্ছে। এ প্রেক্ষিতে আইএলও এর  কম্যুনিটি বেস্ড ট্রেনিং ফর রুরাল ইকোনোমিক এমপাওয়ারমেন্ট পদ্ধতি অনুসরণে বাজার চাহিদা ও স্বপ্নের উপকারভোগীর প্রশিক্ষণ চাহিদা নিরূপণের মাধ্যমে মহিলা উপকারভোগীর দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাদের জীবনযাত্রার মান উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখছে।




## Meat Bazar মিট প্রসেসিং প্লান্ট ও চেইন শপ আউটলেট পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উনয়ন তহবিল (ইফাদ) , ডানিডা ও  পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার সদর উপজেলার গোকুল ইউনিয়নের চাঁদমুহার পাইকরতলা এলাকায় মো: শফিউল আলম উদ্যোক্তার “Meat Bazar” ব্র্যান্ডে মিট প্রসেসিং প্লান্ট ও বিয়াম মডেল স্কুল সংলগ্ন “Meat Bazar” চেইন শপ আউটলেটে চলমান উন্নয়নের কার্যক্রম ২৭-০৪-২০২৫ ইং তারিখ পরিদর্শন করেন পিকেএসএফ এর আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার ডা: মো: এরফান আলী ও মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার জনাব মো: আনিছুর রহমান। এছাড়া উপস্থিত ছিলেন  গ্রাম উন্নয়ন কর্ম (গাক) আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ডা: মো: মাহমুদ হাসান। এসময় পরিদর্শকবৃন্দ উদ্যোক্তার ব্যবসায়িক চলমান কর্মকান্ড পরিচালনা ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ক আলোচনা ও দিকনির্দেশনা মূলক পরামর্শ প্রদান করেন।



## নিরাপদ দুগ্ধজাত নতুন পণ্য উন্নয়নে ট্রায়াল/গবেষণা কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি প্রকল্পের আওতায় ১৮-১৯ মার্চ ২০২৫ তারিখে বগুড়া জেলার শাজাহানপুর, শেরপুর, গাবতলি, সারিয়াকান্দি, শিবগঞ্জ ও বগুড়া সদর উপজেলার ২০ জন উদ্দ্যোক্তাদের নিয়ে নিরাপদ দুগ্ধজাত নতুন পণ্য উন্নয়নের জন্য দুগ্ধজাতপণ্য উৎপাদন কারখানা পরিদর্শন করেন প্রফেসর ড. মোহাম্মাদ আশিকুল ইসলাম, ডেইরী সাইন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। এসময় তিনি উদ্যোক্তাদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেন।




## বগুড়া জেলা প্রাণিসম্পদ কার্যালয়ে ডিএলএস ও সংশ্লিষ্ট এক্টরদের নিয়ে ত্রৈমাসিক সমন্বয় সভা

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও  পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি- ডেইরি এন্ড মিট উপ প্রকল্পের  আওতায় বগুড়া জেলা প্রাণিসম্পদ অফিস কার্যালয়ে ১৭-০৩-২০২৫ ইং তারিখ ডিএলএস ও সংশ্লিষ্ট এক্টরদের অংশগ্রহণে ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ড. আনিছুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ রায়হান। এছাড়াও উপ-প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, প্রাইভেট কোম্পানির প্রতিনিধিবৃন্দ এবং উদ্যোক্তা সহ বিভিন্ন মার্কেট এক্টরদের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় প্রাণিসেবা কার্যক্রম এর অগ্রগতি পর্যালোচনা এবং পরবর্তী কোয়ার্টারের পরিকল্পনা করা হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮



## SWAPNO II প্রকল্পের আওতায় টিওটি অন লাইভলিহুড স্কিল ডেভেলপমেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় "উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন" (SWAPNO II) প্রকল্পের আওতায় রংপুরে আরডিআরএস প্রশিক্ষণ সেন্টারে টিওটি অন লাইভলিহুড স্কিল ডেভেলপমেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে গাক'র প্রশিক্ষণ বিভাগের তত্ত্বাবধানে (SWAPNO II)" প্রকল্পের আওতায় কুমিল্লা, বাগেরহাট, পটুয়াখালী, জামালপুর, রংপুর, গাইবান্ধা, গোপালগঞ্জ, চাঁদপুর, লালমনিরহাট, নীলফামারী, শেরপুর ও পিরোজপুরে-মোট ১২টি জেলায়- টিওটি অন লাইভলিহুডস স্কিল ডেভেলপমেন্ট সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মসূচীর মাধ্যমে ২২৯ জন সরকারি কর্মকর্তা কে TOT প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ পরবর্তী সময়ে উক্ত কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে উপকারভোগীদের প্রশিক্ষণ পরিচালনা করবেন।



## জেলা পর্যায়ে নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের মেলা-২০২৫ এ অংশগ্রহণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি প্রকল্পের আওতায় ২৪-০২-২০২৫ ইং তারিখে পৌর এ্যাডওয়ার্ড পার্কে বগুড়া জেলায় একদিন ব্যাপী "নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের প্রদর্শনী মেলা-২০২৫" অনুষ্ঠিত হয়। উক্ত মেলায় আরএমটিপি প্রকল্পের স্টলে উদ্যোক্তাকর্তৃক বিভিন্ন দুগ্ধজাত পণ্য সামগ্রী প্রদর্শন করা হয়, যা আগত দর্শনার্থী, অতিথিবৃন্দ, সাংবাদিক, খামারী, ছাত্রছাত্রীসহ বিভিন্ন পেশাজীবি মানুষের মনোযোগ আকর্ষণ করে।



## Poultry bd 365 অ্যাপস উন্নয়নে Softcell system সফটওয়ার কোম্পানির সহিত আলোচনা সভা

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি- পোল্ট্রি প্রকল্পের আওতায় গাক টাওয়ার, বনানী, বগুড়ায় ১৮-০৩-২০২৫ ইং তারিখ Poultry bd 365 অ্যাপস বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহাবুব আলম এবং পরামর্শক জনাব মোঃ মোবারক হোসেন তালুকদার। উক্ত সভায় Softcell System এর সিইও এবং অন্যান্য কর্মকর্তা উপস্থিত থেকে Poultry bd 365 অ্যাপস হস্তান্তর করেন এবং এর ব্যবহার পদ্ধতি ও প্রয়োজনীয়তা তুলে ধরেন।



## একদিন বয়সী হাঁসের বাচ্চা সরবরাহে হ্যাচারী উন্নয়নে অনুদানের চেক হস্তান্তর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার কাহালু উপজেলায় একদিন বয়সী হাঁসের বাচ্চা সরবরাহের জন্য মোট ১২টি ইনকিউবেটর স্থাপন করছেন মোঃ আবু সাইদ। উক্ত হ্যাচারী উন্নয়নের জন্য অনুদানের চেক প্রদান করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ রহমত আলীসহ প্রকল্প কর্মকর্তাবৃন্দ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮



## উদ্যোক্তা পর্যায়ের সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং এর ৫ম ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় ১৬ জানুয়ারি ২০২৫ তারিখে প্রকল্পভুক্ত সদস্যদের অনলাইন ও সোশ্যাল মিডিয়াতে উৎপাদিত পণ্যের প্রচার ও বিক্রি বৃদ্ধির লক্ষ্যে "উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং" শীর্ষক ৫ম ব্যাচের প্রশিক্ষণ গাক প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।



## গাক চক্ষু হাসপাতাল উত্তরা, ঢাকা কর্তৃক আয়োজিত মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

গাক চক্ষু হাসপাতাল উত্তরা, ঢাকা কর্তৃক আয়োজিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। আরো উপস্থিত ছিলেন গাক'র পরিচালক-সোশ্যাল মো: রাশিদুল ইসলাম এবং জুনিয়র কনসালটেন্ট ডা: তমা খন্দকার। এছাড়াও হাসপাতালের কনসালটেন্টসহ সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

উক্ত সমন্বয় সভায় হাসপাতালের সেবার মান উত্তরোত্তর বৃদ্ধি এবং হাসপাতালকে আরও জন-বান্ধব করার বিষয়ে মূল্যবান আলোচনা ও দিকনির্দেশনা প্রদান করা হয়।



## এক্সটেনডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি) ড্রট প্রকল্পের আওতায় পুকুর নির্বাচন কার্যক্রম পরিদর্শন

Green Climate Fund এর অর্থায়নে এবং পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশনের (পিকেএ-সএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এক্সটেনডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি) ড্রট প্রকল্পের আওতায় সাপাহার উপজেলার শিরন্টি ইউনিয়নে পুকুর নির্বাচন ও পরিমাপ কার্যক্রম ২৩-০১-২০২৫ ইং তারিখে পিকেএসএফ-নিয়োগকৃত জরিপকারী দল কর্তৃক পরিমাপ কার্যক্রম পরিচালিত হয়। উক্ত পরিমাপ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিকেএসএফ এর প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ মোঃ শরিফুল ইসলাম, গাক'র উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সহকারী পরিচালক মো: জিয়াউদ্দিন সরদার। এছাড়াও উপস্থিত ছিলেন প্রকল্প সমন্বয়কারী নূরা আজম সিদ্দিকী সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।




## জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক টিকাদান ও কৃমিমুক্তকরণ ক্যাম্পেইনে এলএসপিকে হাতে কলমে প্রশিক্ষণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উনয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার খরনা ইউনিয়নের সাতকানিয়া গ্রামে টিকাদান ও কৃমিমুক্তকরণ ক্যাম্পেইনে এলএসপিকে হাতে কলমে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ডা. মো: আনিছুর রহমান, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া। এসময় উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, স্থানীয় লেয়ার খামারী ও এলএসপিগণ। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা টিকাদান সম্পর্কে ও গুনগতমান নিয়ে আলোচনা করেন এবং হাতে-কলমে তা শিখিয়ে দেন। এসময় তিনি উদ্যোক্তাকে ব্যবসা উন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮



## এক্সটেনডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি) ড্রট প্রকল্পের আওতায় দরপত্র উন্মুক্তকরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Green Climate Fund এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় এক্সটেনডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি) ড্রট প্রকল্পের আওতায় ০৪-০১-২০২৫ তারিখে কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় (MAR) সিস্টেম স্থাপনের দরপত্র উন্মুক্তকরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মো. মাহবুব আলম, পরিচালক মো: হুমায়ুন খালেদ, উপ পরিচালক মো: আরমান হোসেন, সহকারী পরিচালক মো: জিয়া উদ্দিন সরদার, প্রকল্প সমন্বয়কারী নূরা আজম সিদ্দিকী এবং সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ এবং দরপত্র উন্মুক্তকরণ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।



## আরএমটিপি প্রকল্পের আওতায় মিট প্রসেসিং প্লান্ট উদ্বোধন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার সদর উপজেলার গোকুল ইউনিয়নের চাদমুহার পাইকরতলা এলাকায় মো: শফিউল আলম উদ্যোক্তার "মিটবাজার" ব্র্যান্ডে মিট প্রসেসিং প্লান্ট উন্নয়নে সমাপ্তিমূলক কাজ ও বিয়াম মডেল স্কুল সংলগ্ন মিটবাজার চলমান আউটলেটে উন্নয়নের কার্যক্রম পরিদর্শন করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। এসময় উপস্থিত ছিলেন Nona Agro এর প্রতিনিধি জনাব রাতুল, মিট বাজারের সহিত প্রাতিষ্ঠানিক চুক্তি ও মিটবাজারের প্রসেসিং প্লান্টের উদ্বোধনী কার্যক্রম পরিদর্শনে তিনি ঢাকা থেকে বগুড়ায় আসেন। বেঙ্গল মিট এ কাটিং মাষ্টার হিসেবে সাবেক দুইজন কর্মীকে নিয়ে মিট প্রসেসিং প্লান্ট এর কার্যক্রমের শুভ সূচনা করা হয়।




## আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক এগ ওয়াশিং হাব পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার খরনা ইউনিয়নের সাতকানিয়া গ্রামে হাসান পোল্ট্রি ফার্মের উদ্যোগে "হাসান ডেইলি এগ" এগ ওয়াশিং হাব ১২-০১-২৫ তারিখ পরিদর্শন করেন ডা. মো: আনিছুর রহমান, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া। এসময় উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় লেয়ার মুরগির খামারিগণ। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এগ ওয়াশিং হাব পরিদর্শনকালে এগ ওয়াশিং মেশিন, ডিম প্যাকেজিং এ মোড়কীকরণে বিএসটিআই অনুমোদনের ভূয়সী প্রশংসা করেন। এসময় তিনি উদ্যোক্তাকে ব্যবসা উন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।



## সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প আয়োজন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পিকেএসএফ এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় উত্তর মড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, মহিষাবান, গাবতলী, বগুড়া'য় বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে রোগীদের সেবা প্রদান করেন ডাঃ মোঃ শরিফুল ইসলাম, এমবিবিএস, সিসিডি (বারডেম), ডি-অর্থো (নিটোর), অর্থপেডিক্স ও ট্রমা সার্জন, আর্মি মেডিকেল কলেজ, বগুড়া এবং ডাঃ মোঃ খায়রুল বাসার (সোহান) এমবিবিএস, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গাবতলী, বগুড়া।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮




## গাক-এর উদ্যোগে সৃজনশীলতা ও মনন বিকাশে কিশোর-কিশোরীদের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে পরিচালিত "সমৃদ্ধি কর্মসূচি"-এর আওতায় কৈশোর কার্যক্রমের অংশ হিসেবে বগুড়া জেলাধীন গাবতলী উপজেলার কাগুইল ইউনিয়নে কিশোর কিশোরীদের অংশগ্রহণে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই আয়োজনের মাধ্যমে কিশোর-কিশোরীদের মাঝে মেধা, মনন ও সৃজনশীলতা বিকাশে একটি সুন্দর সুযোগ সৃষ্টি হয়েছে। বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।




## গাক চক্ষু হাসপাতাল, বগুড়া'র আয়োজনে "বিশ্ব গ্লকোমা সপ্তাহ" উদযাপন

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া'র আয়োজনে "বিশ্ব গ্লুকোমা সপ্তাহ ২০২৫" উদযাপন করা হয়। উক্ত দিবস উপলক্ষে গাক চক্ষু হাসপাতালের ডাক্তার, নার্স ও ষ্টাফদের অংশগ্রহণে র‍্যালী ও একটি আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় ডাক্তারগণ বলেন, গ্লুকোমা কে "নীরব দৃষ্টিহানিকারক" একটি জটিল এবং ধীরে ধীরে অগ্রসর হওয়া চোখের রোগ যা দৃষ্টিক্ষয় ঘটায়। এই রোগ প্রাথমিক পর্যায়ে খুব কম লক্ষণ প্রকাশ করে, ফলে অনেকেই বুঝে উঠতে পারেন না যে তাঁদের চোখ ধীরে ধীরে ক্ষতিগ্রস্থ হচ্ছে। সময়মতো সঠিক চিকিৎসা না হলে গ্লুকোমা স্থায়ী অন্ধত্বের কারণ হতে পারে। আপনার দৃষ্টি, আপনার অধিকার, চোখের যত্নে অবহেলা নয়। বিশ্ব গ্লুকোমা সপ্তাহ ২০২৫ উপলক্ষে সবাই কে গাক চক্ষু হাসপাতাল, বগুড়ায় নিয়মিত চোখের পরীক্ষা করানোর জন্য পরামর্শ প্রদান করা হয়।



## এনএসডিএ'র কর্মকর্তা কর্তৃক জিআইটি'র সুইং মেশিন অপারেশন ইউনিট পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক পরিচালিত গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) এর অ্যাডভান্স সুইং মেশিন অপারেশন (লেভেল-৩) এবং ওভেন সুইং মেশিন অপারেশন (লেভেল-২) এর ইউনিট ২ টি ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট অথরিটি (NSDA) এর সহকারী পরিচালক জনাব প্রীতম চক্রবর্তী পরিদর্শন করেন এবং এর কার্যক্রম দেখে সন্তোষ্টি প্রকাশ করেন। পরিদর্শনকালে আরও উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সহকারী পরিচালক মো: জিয়া উদ্দিন সরদার এবং গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) এর অধ্যক্ষ মো: আহসান হাবীব সহ প্রতিষ্ঠানটির শিক্ষকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ।




## ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের "চুক্তি স্বাক্ষর কর্মশালা" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায়, "চুক্তি স্বাক্ষর কর্মশালার" আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন প্রকল্পের আওতায়, চরের নিবার্চিত ভুট্টা চাষী, ভুট্টা ক্রয়কারী পাইকার, ডিলার ও বিভিন্ন ফিড কোম্পানির প্রতিনিধি, ব্যবসায়ি ও পাইকারদের নিয়ে সারিয়াকান্দি উপজেলা কৃষি কার্যালয়ের হল রুমে ২৪-০২-২০২৫ এ চুক্তি স্বাক্ষর কর্ম শালার আয়োজন করা হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার জনাব মোহাম্মদ আলী জিন্নাহ। সভাপতিত্ব করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম। এছাড়াও উপস্থিত ছিলেন, প্রকল্প ব্যবস্থাপক মো: রাজি বিল্লা সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮



## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উপলক্ষে গাক-এর শ্রদ্ধাঞ্জলি

২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উপলক্ষে সকল শহীদদের প্রতি গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন সংস্থার পরিচালক মো: হুমায়ুন খালেদ। এ সময় আরও উপস্থিত ছিলেন সহকারী পরিচালক মো: জিয়া উদ্দিন সরদার ও বিভিন্ন প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

## গাক কর্তৃক আয়োজিত মরহুম মোবারক হোসেন তালুকদার এঁর স্মরণসভা



গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর পরামর্শক ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাবেক উপ-পরিচালক মরহুম মোবারক হোসেন তালুকদার এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে গাক টাওয়ার, বনানী, বগুড়ায় এক স্মরণসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক-এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন, টিএমএসএস-এর নির্বাহী পরিচালক ড. হোসনে-আরা বেগমসহ বিভিন্ন এনজিও/সংস্থার প্রধানগণ। এছাড়াও উপস্থিত ছিলেন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তা ও মরহুমের পরিবারের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠানে মরহুম মোবারক হোসেন তালুকদার এর অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।



## MRA কর্মকর্তা কর্তৃক গাক উপানুষ্ঠানিক শিক্ষাকেন্দ্র পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত গাক উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি দেশের ১৯টি জেলায় বাস্তবায়িত হচ্ছে। এরই অংশ হিসেবে বগুড়া জেলাধীন সারিয়াকান্দি উপজেলার বোহাইল ইউনিয়নের প্রত্যন্ত চরাঞ্চলে ঝরে পড়া দরিদ্র শ্রেণীর শিক্ষার্থীর জন্য গাক শিশু বিকাশ উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত শিক্ষা কার্যক্রমের আওতায় ৫-৩-২০২৫ তারিখে MRA কর্মকর্তা কর্তৃক চর বানিয়াপাড়া উপানুষ্ঠানিক শিক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি ঝরে পড়া শিক্ষার্থী এবং অভিভাবকদের শিক্ষা বিষয়ে উদ্বুদ্ধ করেন। এছাড়াও উক্ত শিক্ষা কেন্দ্রে উপস্থিত ছিলেন গাক'র যুগ্ম পরিচালক মোঃ রবিউল ইসলাম, সহকারী পরিচালক (শিক্ষা) মোঃ আশরাফ আলী, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত "ম্যাইক্রোফাইন্যান্স অপারেশনস এন্ড রিপোর্টিং সিস্টেম ম্যানেজমেন্ট" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ব্যবস্থাপনিক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২ দিনব্যাপী "ম্যাইক্রোফাইন্যান্স অপারেশনস এন্ড রিপোর্টিং সিস্টেম ম্যানেজমেন্ট" প্রশিক্ষণ এনজিও ফোরাম রিজিওনাল অফিস এন্ড ট্রেনিং সেন্টার, কুমিল্লায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি ঋণ কর্মসূচি বাস্তবায়নে ব্রাঞ্চ ম্যানেজারদের দায়িত্ব ও দায়বদ্ধতা প্রসংগে বলেন লক্ষ্যমাত্রা অর্জনে প্রবল ইচ্ছাশক্তি থাকলে দুর্ভেদ্য লক্ষ্যমাত্রাও অর্জন করা সম্ভব। তিনি সংশ্লিষ্ট সকলকে দায়বদ্ধতা নিয়ে ঋণ কর্মসূচি বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন এবং প্রশিক্ষণার্থীদের উক্ত প্রশিক্ষণের শিখণ থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। উল্লেখ্য যে, ঋণ কার্যক্রমের ২৫ জন বিএম ও বিএম ইনচার্জের অংশগ্রহণে কোর্সেটিতে সেশন পরিচালনা করেন জনাব মো: হুমায়ুন খালেদ, পরিচালক (এসএমএপি), জনাব মো: রায়হানুস সাআদাত পরিচালক (আইসিটি এন্ড আরএম), জনাব মো: মাসুদুর রহমান, সিসি-ঢাকা ডিভিশন (এসএমএপি) এবং প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাবৃন্দ। গাক'র ট্রেনিং কোঅর্ডিনেটর জনাব মো: কবীর উদ্দিন এর তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারি-মার্চ ২০২৫) সংখ্যা ০৮




## বগুড়ায় গাক'র আয়োজনে SMART প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় Sustainable Microenterprise & Resilient Transformation (SMART) প্রকল্পের আওতায় মেশিনারীজ এবং ইকুইপমেন্ট উপ-প্রকল্পের আঞ্চলিক কর্মশালা ১৭ এপ্রিল ২০২৫ তারিখে গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত উপ-প্রকল্পের আঞ্চলিক কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। কর্মশালায় উপস্থিত ছিলেন বিশ্বব্যাংক প্রতিনিধি Miss Eun Joo Allison ও পরিবেশ বিশেষজ্ঞ জনাব সৈয়দ মুজতাবা সোবাইর। এছাড়াও উপস্থিত ছিলেন পিকেএসএফ এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব মোঃ মশিয়ার রহমান, স্মার্ট প্রকল্পের প্রজেক্ট কো-অর্ডিনেটর জনাব গোকুল চন্দ্র বিশ্বাস, ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর জনাব মোঃ রওশন হাবিব, ব্যবস্থাপক জনাব আবু হায়াদ মোঃ রাহাত হোসেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার জনাব মুহাম্মদ খালেদ আমিনুল হাসান, পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ জনাব মোঃ শফিউল ইসলাম, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক জনাব মোঃ মুখলেছুর রহমান, সহকারি পরিচালক জনাব মোঃ জিয়া উদ্দিন সরদার সহ অন্যান্য প্রকল্প কর্মকর্তাবৃন্দ। কর্মশালায় সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠান বিটাক, পরিবেশ অধিদপ্তর, বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, পুন্ড্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থী, টিএমএসএস, জাকস ফাউন্ডেশন, এসো এনজিও'র নির্বাহী পরিচালক ও ফোকাল পারসন এবং প্রকল্পের উদ্যোক্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় SMART প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাসহ ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালায় অংশগ্রহণের পূর্বে পিকেএসএফ এবং বিশ্বব্যাংকের প্রতিনিধিবৃন্দ গাক কর্তৃক বাস্তবায়নাধীন স্মার্ট প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।




## গাক কর্তৃক আন্তর্জাতিক নারী দিবস-২০২৫ উদযাপন

৮ ই মার্চ "আন্তর্জাতিক নারী দিবস-২০২৫ উৎযাপন উপলক্ষ্যে "অধিকার, সমতা, ক্ষমতায়ন, নারী ও কন্যার উন্নয়ন" এই প্রতিপাদ্যকে সামনে রেখে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সংশ্লিষ্ট প্রকল্প কর্মকর্তা ও নারী উদ্যোক্তাদের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনার সভার মাধ্যমে আন্তর্জাতিক নারী দিবস-২০২৫ উদযাপন করা হয়।

## দেশের অন্যতম উদীয়মান ফ্যাশন ব্র্যান্ড হিসেবে জিগ্যালোর এর পরিচিতি লাভ



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর নির্বাহী পরিচালক এবং জিগ্যালোর ব্র্যান্ডের প্রতিষ্ঠাতা ড. খন্দকার আলমগীর হোসেন বগুড়া আউটলেটে পরিদর্শনকালে বলেন, জিগ্যালোর এর পোশাকের ডিজাইন, আরামদায়ক কাপড় এবং নিখুঁত কারুকার্য সব মিলিয়ে প্রতিটি পোশাকে আমরা তুলে ধরেছি আভিযাত্যের ছোঁয়া। বাংলাদেশের অন্যতম উদীয়মান ফ্যাশন ব্র্যান্ড হিসেবে জিগ্যালোর ইতিমধ্যেই দেশের বিভিন্ন স্থানে একাধিক আউটলেটের মাধ্যমে গ্রাহকদের আস্থা ও ভালোবাসা অর্জন করেছে। আধুনিক ডিজাইন, উচ্চমানের কাপড় এবং প্রতিটি পণ্যে নিখুঁত কারুকাজ এই তিনটি দিকেই জিগ্যালোর কোনোরকম আপোষ করে না। ফলে, আমাদের শোরুম গুলোতে প্রতিনিয়ত ক্রেতাদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা যায়। প্রতিটি সেলাইয়ে, প্রতিটি ডিজাইনে আমরা নিশ্চিত করি সর্বোচ্চ মান।